



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন নং - ২০৪৭৪/৯২ (এন.এফ.এফ. অনুমোদিত)

কার্যালয়ঃ- ২০/৪ শিল লেন, কলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩৩ ২৩২৮৩৯৮৯; ই-মেইলঃ- [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

মেমো নং – ডি.এম.এফ/ প্রেসিডেন্ট/ ০৪/ ২২

মাননীয় অতিরিক্ত মুখ্য সচিব,  
মৎস্য দপ্তর,  
পশ্চিমবঙ্গ সরকার

২ মার্চ, ২০২২

বিষয়ঃ অভ্যন্তরীণ মৎস্যক্ষেত্রে মৎস্যকর্মীদের সরকারি পরিচয়পত্র

মাননীয় মহাশয়,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের পক্ষ থেকে হार्দিক অভিনন্দন জানাই।

অভ্যন্তরীণ মৎস্যক্ষেত্রের মৎস্যকর্মীদের সরকারি পরিচয়পত্র প্রদানের প্রয়োজন উল্লেখ করে পরিচয়পত্র প্রদানের প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য বিগত ১৭ই জুলাই ২০২০ তারিখে মাননীয় মৎস্য অধিকর্তার নিকট দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের পক্ষ থেকে আবেদন জানানো হয় (পত্রের প্রতিলিপি সংযোজিত করা হল)। এই বিষয়ে সমস্যার সমাধান না হওয়ায় এবং উক্ত পত্রের কোন উত্তর না পাওয়ায় বিষয়টি আপনার গোচরে আনছি।

অভ্যন্তরীণ ক্ষেত্রের মৎস্যকর্মীদের পেশার মর্যাদার স্বীকৃতি ও আনুষঙ্গিক অধিকার ও সুযোগ-সুবিধা লাভের জন্য সরকারি পরিচয়পত্রের ভীষণ প্রয়োজন রয়েছে। যথাযথভাবে প্রদত্ত হলে মৎস্যকর্মীদের সরকারি পরিচয়পত্র মৎস্যক্ষেত্রে এক অতি গুরুত্বপূর্ণ তথ্যভান্ডার হিসেবে কাজ করতে পারে। এতদ্বারা মৎস্য দপ্তরের হেফাজতে বিভিন্ন এলাকার বিভিন্ন ধরনের মৎস্যকর্মীদের অবস্থানের তথ্য থাকে যা পরিকল্পনা প্রস্তুতি ও রূপায়ণে প্রভূত সাহায্য করে।

রাজ্য মৎস্যদপ্তর বিষয়টি সম্পর্কে অবগত আছেন এবং অভ্যন্তরীণ মৎস্যকর্মীদের (মৎস্য শিকারি, মৎস্য চাষী ও মৎস্য ভেড়রদের) সরকারি মৎস্যকর্মী পরিচয়পত্র প্রদানের ব্যবস্থাও আছে। কিন্তু পুরো প্রক্রিয়াটি অত্যন্ত শ্লথ ও টিলেটালভাবে চলছে। বিভিন্ন জেলায় পরিচয়পত্রের জন্য অসংখ্য আবেদন বছরের পর বছর ধরে পড়ে আছে।

তাছাড়া, পরিচয়পত্রের আবেদনে পঞ্চায়েতের সুপারিশ বাধ্যতামূলক হওয়ার কারণে বহু যথার্থ মৎস্যজীবীর ভাগ্যে ঐ সুপারিশ ও পরিচয়পত্র মিলছে না। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে সামুদ্রিক ক্ষেত্রে পরিচয়পত্রের জন্য পঞ্চায়েতের সুপারিশের প্রয়োজন নেই এবং মৎস্যজীবী সংগঠন ঐ সুপারিশ করতে পারে।

এই পরিপ্রেক্ষিতে আমাদের আবেদন –

১। অভ্যন্তরীণ মৎস্যক্ষেত্রের কর্মীদের (মৎস্য শিকারি, মৎস্য চাষী, মৎস্য ভেড়র ও আনুষঙ্গিক মৎস্যকর্মীদের) সরকারি পরিচয়পত্র প্রদানের প্রক্রিয়া ত্বরান্বিত করতে কার্যকরী ব্যবস্থা নেওয়া হোক, এবং

২। সামুদ্রিক ক্ষেত্রের মতো অভ্যন্তরীণ ক্ষেত্রেও মৎস্যকর্মীর সরকারি পরিচয়পত্রের জন্য মৎস্যজীবী সংগঠনের সুপারিশকে মান্যতা দেওয়া হোক।

ধন্যবাদান্তে

প্রদীপ চ্যাটার্জী

সভাপতি

Avera  
2/3/22



মিলন দাস

সাধারণ সম্পাদক